গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ৩০০৮ তারিখঃ ৭ জুন ২০১৭

**বিষয় ঃ ১৪৯ তম কমিশন সভার কার্যবিবরণী**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৪৯ তম কমিশন সভা ৭ জুন, ২০১৭ তারিখ বুধবার সকাল ১০:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি **পরিশিষ্ট "ক"** তে উল্লেখ করা হলো।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। প্রতিটি বিষয় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৪৯/১ | **আলোচ্য বিষয়ঃ** ১৪৮তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>**সিদ্ধান্ত ঃ** ১৪৮তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৪৯/২ | **আলোচ্য বিষয়ঃ** ১৪৮তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>**সিদ্ধান্তঃ** ১৪৮তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকগণ |
| ১৪৯/৩ | আলোচ্য বিষয়ঃ বিদ্যুৎ উৎপাদনের জন্য ৬ (ছয়) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৬ (ছয়) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৩১০২.৬ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন করা হয়:<br><br>১. ভারটেক্স ইনোভেটিভ অ্যাপারেলস লিমিটেড [৩৬০/এ, ফোরকান টাওয়ার, বিটাক বাজার, সাগরিকা রোড, পাহারতলী, চট্টগ্রাম] এর অনুকূলে ২২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৬,০০০/- (ছয় হাজার) টাকা;<br><br>২. কিং কং লেদার ওয়্যার (বিডি) লিমিটেড [প্লট নং: ৩৯-৪০ এবং ৫৩-৫৪, আদমজী ইপিজেড, আদমজী নগর, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৬০৫ কি:ও: [২০৫ + ৪০০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৩. কোয়ালিটি ফিডস লিমিটেড [যমুনা, শাহজাহানপুর, বগুড়া] এর অনুকূলে ৯৯৬ কি:ও: [৬০০ + ৩৯৬] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৪. ক্লাসিক্যাল হোম টেক্স ইন্ডা. লিমিটেড [বালুসাইর, নরসিংদী সদর, নরসিংদী] এর অনুকূলে ২৪০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৫. প্রভিটা ফিড লিমিটেড [সোনাইচরী, বার আউলিয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম] এর অনুকূলে ৯৫২ কি:ও: (গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৬. রাইডার থ্রেড এন্ড এক্সেসরিজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড [২৭ নং বি বি রোড, মদিনা মার্কেট, জিমখানা, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৮৯.৬ কি:ও: (গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৪৯/৪ | **আলোচ্য বিষয়ঃ** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ (তিন) টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন।<br><br>**সিদ্ধান্ত:** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৩ (তিন) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৯৮৮ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩(তিন) বছর মেয়াদে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন করা হয়:<br><br>১. সাদাতিয়া সোয়েটারস লিমিটেড [প্লট নং: ৫১৮, জারুন বাজার, জেলখানা রোড নং: ২, কোনাবাড়ি, গাজীপুর] এর অনুকূলে ১৬০ কি:ও: হতে ১৭৬ কি:ও: বৃদ্ধিপূর্বক ৩৩৬ কি:ও: [১৬০ + ১৭৬] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মেয়াদ: ৫/১০/২০১৬ হতে ৪/১০/২০২০;<br>২. জিতা অ্যাপারেলস লিমিটেড [ইন্ডাস্ট্রিয়াল প্লট নং: ০৪, সেকশন: ০৭, মিল্ক ভিটা রোড, মিরপুর, ঢাকা-১২১৬] এর অনুকূলে ৩০৪ কি:ও: এর পরিবর্তে ৫৬০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৯/৪/২০১৭ হতে ১৮/৪/২০২০;<br>৩. অনেস্টি লেবেল ইন্ডাস্ট্রিজ লিমিটেড [৭১২, ৭১৬, উত্তরখান মাজার, তালতলা, উত্তরখান, ঢাকা-১২৩০] এর অনুকূলে ৯২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট) বিদ্যুৎ উৎপাদনের জন্য বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে ঠিকানা পরিবর্তনপূর্বক অনেস্টি লেবেল ইন্ডাস্ট্রিজ লিমিটেড [২৫৬১/এ, উত্তরখান মাজার, তালতলা, উত্তরখান, ঢাকা-১২৩০] এর অনুকূলে ৯২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ০১/০৬/২০১৫ হতে ৩১/০৫/২০১৮। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৪৯/৫ | **আলোচ্য বিষয়:**সিএনজি স্টেশনসমূহে গ্যাস ইঞ্জিন কর্তৃক কম্প্রেসার পরিচালনার জন্য লাইসেন্স/ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** সিএনজি স্টেশনসমূহে গ্যাস ইঞ্জিন কর্তৃক কম্প্রেসার পরিচালনার জন্য লাইসেন্স/ওয়েভার সার্টিফিকেট প্রদানের বিষয়টি আরো পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তীতে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৪৯/৬ | **আলোচ্য বিষয়ঃ** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সাময়িক লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ**<br>**(ক)** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ২ (দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১০.৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স অনুমোদন দেয়া হয়:<br><br>১.কবির স্টিল রি-রোলিং মিলস লিমিটেড, কবির মঞ্জিল, এসকে. মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থান: বড় কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা: ৭.২ মেগাওয়াট [৩৬০০ কি:ও: (গ্যাস) + ৩৬০০ কি:ও: (গ্যাস)];<br>প্রতিষ্ঠানটির আবেদন ফিস বাবদ প্রদত্ত অতিরিক্ত ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা পরবর্তী নবায়নের সময় সমন্বয় করা হবে।<br>২.রয়েল সিমেন্ট লিমিটেড, কবির মঞ্জিল, এসকে. মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থান: বড় কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা: ৩.৬ মেগাওয়াট (গ্যাস)।ক) বিদ্যুৎ উৎপাদনের জন্য ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সাময়িক লাইসেন্স প্রদানের অনুমোদন দেয় হলো; এবং<br>(খ) ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) এবং ওয়েভার লাইসেন্স সংক্রান্ত একটি ডাটাবেজ প্রণয়ন করতে হবে। ই-ডকেটিং এর চলমান প্রকল্পের সাথে সমন্বয় করে ডাটাবেজ করার উদ্যোগ নিতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| সিএম/১৪৯/৭ | **আলোচ্য বিষয়ঃ** আইপিপি ক্যাটাগরির BPDB-RPCL Power Limited, Kodda, Gazipur এর অনুকূলে Duel Fuel(এইচএফও/গ্যাস) ভিত্তিক ১৪৯.৩৫৬ মে.ও. বিদ্যুঃ উৎপাদনের সাময়িক লাইসেন্স মঞ্জুরী সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** আইপিপি ক্যাটাগরির BPDB-RPCL Power Limited, Kodda, Gazipur এর অনুকূলে Duel Fuel (এইচএফও/গ্যাস) ভিত্তিক ১৪৯.৩৫৬ মে.ও. বিদ্যুঃ উৎপাদনের সাময়িক লাইসেন্স বকেয়া লাইসেন্স ফিস পরিশোধ সাপেক্ষে মঞ্জুরী প্রদান করা হলো। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৪৯/৮ | **আলোচ্য বিষয়ঃ** কর্মাশিয়াল পাওয়ার প্লান্ট ক্যাটাগরির ম্যাজেস্টিকা পাওয়ার লিমিটেড, জোগাড়চর, কালিহাতী, টাঙ্গাইল এর অনুকূলে জারীকৃত এইচএফও ভিত্তিক ১০২.১৫ মে.ও. বিদ্যুৎ উৎপাদন সাময়িক লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** কর্মাশিয়াল পাওয়ার প্লান্ট ক্যাটাগরির ম্যাজেস্টিকা পাওয়ার লিমিটেড, জোগাড়চর, কালিহাতী, টাঙ্গাইল এর অনুকূলে জারীকৃত এইচএফও ভিত্তিক ১০২.১৫ মে.ও. বিদ্যুৎ উৎপাদন সাময়িক লাইসেন্সের নবায়নের অনুমোদন দেয়া হয়। প্রতিষ্ঠানের জমাকৃত ৫,০০০০/- (পাঁচ লক্ষ) টাকার পে-অর্ডার ফেরত দেওয়ার এবং অতিরিক্ত জমাকৃত টাকা পরবর্তীতে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৪৯/৯ | **আলোচ্য বিষয়ঃ** রেন্টাল পাওয়ার প্লান্ট ক্যাটাগরির ভেনচার এনার্জি রিসোর্স লিমিটেড, পূর্ব চরখালী, খেয়াঘাট, ভোলা এর অনুকূলে জারীকৃত গ্যাস ভিত্তিক ৩৭.৮০ মে.ও. বিদ্যুৎ উংপাদন সাময়িক লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি সম্পর্কে।<br>**সিদ্ধান্তঃ** রেন্টাল পাওয়ার প্লান্ট ক্যাটাগরির ভেনচার এনার্জি রিসোর্স লিমিটেড, পূর্ব চরখালী, খেয়াঘাট, ভোলা এর অনুকূলে জারীকৃত গ্যাস ভিত্তিক ৩৭.৮০ মে.ও. বিদ্যুৎ উংপাদন সাময়িক লাইসেন্সের মেয়াদ বৃদ্ধির অনুমোদন দেয়া হয়। প্রতিষ্ঠান কর্তৃক অতিরিক্ত ফিস বাবদ জমাকৃত অর্থ সমন্বয় করতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৪৯/১০ | **আলোচ্য বিষয়ঃ** এভারেস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ হতে বাপবিবো কর্তৃক ইন্ডিকেটিভ বেঞ্চমার্ক স্থুল ট্যারিফে বিদ্যুৎ ক্রয়ের অনুমোদন ও কোম্পানীর বানিজ্যিক বিদ্যুৎ লাইসেন্স এর শর্ত বাস্তবায়নে কমিটি গঠন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** এভারেস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ হতে বাপবিবো কর্তৃক ইন্ডিকেটিভ বেঞ্চমার্ক স্থুল ট্যারিফে বিদ্যুৎ ক্রয়ের অনুমোদন ও কোম্পানীর বাণিজ্যিক বিদ্যুৎ লাইসেন্স এর শর্ত বাস্তবায়নে নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়ঃ<br><br>১. পরিচালক (বিদ্যুৎ), বিইআরসি — আহবায়ক<br>২. পরিচালক (জেনারেশন), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) — সদস্য<br>৩. মহাব্যবস্থাপক (প্রোডাকশন এন্ড মার্কিটিং), পেট্রোবাংলা — সদস্য<br>৪. নির্বাহী প্রকৌশলী, এনার্জি অডিটিং ইউনিট, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) — সদস্য<br>৫. উপ-পরিচালক (বিদ্যুৎ-২), বিইআরসি — সদস্য-সচিব<br><br>কমিটি প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে।<br><br>**কমিটির কার্যপরিধিঃ**<br>ক) নীতিমালা অনুযায়ী সিপিপি থেকে আইপিপি-তে শ্রেনিবিন্যাস করা বিধি সম্মত কিনা তা নিরূপন করা।<br>খ) লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে কিনা তা মূল্যায়ন করা।<br>গ) ৫/১/২০১৭ তারিখ হতে উৎপাদিত বিদ্যুতের পরিমাণ, গ্যাস সরবরাহের পরিমাণ, পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গৃহিত বিদ্যুতের পরিমাণ ইত্যাদি বিষয় নিরূপন করা। | পরিচালক (বিদ্যুৎ) |
| সিএম/১৪৯/১১ | **আলোচ্য বিষয়ঃ** বাণিজ্যিক বিদ্যুৎকেন্দ্র ইউনাইটেড পাওয়ার জেনারেশন এবং ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ এর ক্ষমতা বৃদ্ধি সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** বাণিজ্যিক বিদ্যুৎকেন্দ্র ইউনাইটেড পাওয়ার জেনারেশন এবং ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ এর বিপরীতে ৪ মিলিয়ন ঘনফুট লোড বৃদ্ধির বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা কমিটির অনুমোদন নেয়া হয়েছে কি না সে বিষয়ে অবহিত করার জন্য পেট্রোবাংলা কে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| সিএম/১৪৯/১২ | **আলোচ্য বিষয়:**পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ২টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন সম্পর্কে<br><br>**সিদ্ধান্তঃ** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ২ (দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ ও বিপণন/বিতরণের এর জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>১) মেসার্স সুপার অটোস, ২২/২৩, বি.সি.সি রোড, ঢাকা<br>প্রকার: মজুদকরণ ও বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ ওয়ারী, থানাঃ সূত্রাপুর, জেলাঃ ঢাকা<br>বার্ষিক চাহিদা: Motor Oil (20W40/50,15W40/50): 70,000 liter, Grease(Lithium) /Brake Oil: 30,000 kg<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।<br>মেয়াদ: ইস্যুর তারিখ হতে ১(এক) বছর<br><br>২) আম্বার ডেনিম মিলস লিমিটেড, নাভানা টাওয়ার (৭ম তলা), প্লট-৪৫, দক্ষিন গুলশান, গুলশান-১, ঢাকা<br>প্রকার: মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ বাহাদুরপুর, জাঙ্গালিয়াপাড়া, বাংলাবাজার, জয়দেবপুর, গাজীপুর<br>বার্ষিক চাহিদা: Compressor Oil (68): 3,500 Liter, Acetic Acid: 43 M.T, Lubricant (ISO VG-150/320): 4,500 Liter, Sizing Wax: 42 M.T<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>সংশোধন ফিসঃ ৫,০০০/- টাকা।<br>মেয়াদ: ১৫/০৩/২০১৬ হতে ১৪/০৭/২০১৭ পর্যন্ত | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম/১৪৯/১৩ | **আলোচ্য বিষয়ঃ** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপণন/বিতরণের জন্য বাই-সার্কুলেশনে ৪টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করণের লক্ষ্যে ইস্যুকৃত লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপনন/বিতরণের জন্য বাই-সার্কুলেশনে ৪টি প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করেণর লক্ষ্যে ইস্যুকৃত নিম্নবর্ণিত লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়ঃ<br>১) ডেকো এক্সেসরিজ লিমিটেড, সুবাস্ত জেনিম প্লাজা (৩য় তলা), বাড়ী-৩৭, রোড-১৬, (পুরাতন-২৭), ধানমন্ডি, ঢাকা-১২০৯।<br>প্রকার: মজুদকরণ<br>মজুদাগারের ঠিকানা: উত্তর শ্যামাপুর, উপজেলাঃ সাভার, ঢাকায়<br>বার্ষিক চাহিদা: Poly Propylene: 160 M.T., Poly Ethylene: 600 M.T., Thinner: 10 M.T., Polyester Resin: 920 M.T., MEKPO: 15 M.T., Paraffin Wax: 2.5 M.T. and Styrene Monomer: 80 M.T.<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০ (এক লক্ষ) টাকা।<br>মেয়াদ: ২১/০৪/২০১৭ হতে ২০/০৭/২০১৭ পর্যন্ত<br>২) রিক লুব অয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ, ১৫ দিলকুশা, শিল্প এলাকা (৯ম তলা), পশ্চিম পার্শ্ব, ঢাকা-১০০০।<br>প্রকার: প্রক্রিয়াকরণ, মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা: পূর্ব সৈয়দনগর, পোঃ সৈয়দনগর, থানাঃ শিবপুর, নরসিংদী<br>বার্ষিক চাহিদা: Lube Base Oil S.N-500: 300 MT, Lube Base Oil S.N-150: 60 MT, Lube Base Oil S.B.S-150: 200 MT, & Aditives: 20 M.T.; Lubricants: 609.94 M.T<br>লাইসেন্স ফিস: প্রক্রিয়াকরণ, মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>বিপণন ফিস: ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা।<br>মেয়াদ: ০৭/০৩/২০১৭ হতে ০৬/০৯/২০১৭ | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | ৩) জেন এয়ার টেকনোলজি, হাউজ নং-বি/৬ (৬ষ্ঠ তলা), ব্লক-এ, চান্দগাও আবাসিক এলাকা, চট্টগ্রাম।<br>মজুদাগারের ঠিকানা: মধ্য সোনাইছড়ি, বার আউলিয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম<br>চাহিদা: কম্প্রেসর অয়েলঃ ৭,৫৪০ কেজি<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।<br>মেয়াদ: ইস্যু তারিখ হতে ০৩ (তিন) মাস<br><br>৪) পদ্মা এগ্রো ট্রেডার্স, ১৬, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা<br>মজুদাগারের ঠিকানা: নৈরপুকুরপাড়, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ<br>চাহিদা: লুব্রিকেটিং অয়েলঃ ৯,০০,০০০ লিটার<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।<br>মেয়াদ: ইস্যু তারিখ হতে ০৩ (তিন) মাস | |
| সিএম/১৪৯/১৪ | **আলোচ্য বিষয়ঃ** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণের জন্য ইস্যুকৃত লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে ১ (এক) টি প্রতিষ্ঠানের লাইসেন্সের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে।<br>**সিদ্ধান্তঃ** প্রতিষ্ঠানটির অনুকূলে ৭০তম উন্মুক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৪/০২/২০১৬ হতে ২৩/০২/২০১৮ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদে পেট্রোলিয়ামজাত পদার্থ (প্যারাফিন ওয়াক্স, থিনার, ইথাইল এসিটেড এবং পলিউরিথেন) মজুদকরণের জন্য রীতিসম্মত লাইসেন্স প্রদানের অনুমোদন দেয়া হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| সিএম/১৪৯/১৫ | **আলোচ্য বিষয়ঃ** বিইআরসি ট্রাইবুনাল এর প্রয়োজনীয় জনবল, অফিস ভাড়াকরণসহ আনুষঙ্গিক দ্রব্যাদির চাহিদা সম্পর্কিত<br>**সিদ্ধান্তঃ** বিইআরসি ট্রাইবুনাল এর প্রয়োজনীয় জনবল, অফিস ভাড়াকরণসহ আনুষাঙ্গিক দ্রব্যাদির চাহিদা সম্পর্কিত বিষয়ে সচিব এর নেতৃত্বে ৩ (তিন) সদস্য বিশিষ্ট নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ<br><br>ক) সচিব, বিইআরসি — আহবায়ক<br>খ) সহকারী পরিচালক (কনজ্যুমার অ্যাফেয়ার্স) — সদস্য<br>গ) সহকারী পরিচালক (প্রশাসন) বিইআরসি — সদস্য-সচিব | সচিব |
| সিএম/১৪৯/১৬ | **আলোচ্য বিষয়ঃ** লাইসেন্স প্রদান, নবায়ন ফিস, মেয়াদকাল নির্ধারণ এবং মেয়াদ উত্তীর্ন লাইসেন্স বাতিল/জরিমানা নির্ধারণ সম্পর্কে গঠিত কমিটির প্রতিবেদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।<br><br>**সিদ্ধান্তঃ**<br>১. বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা ২০১৬ সংশোধনের লক্ষ্যে কমিশনের সম্মানিত সদস্য (পেট্রোলিয়াম ও আইন) –কে আহবায়ক করে নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ<br>ক) সম্মানিত সদস্য (পেট্রোলিয়াম ও আইন), বিইআরসি — আহবায়ক<br>খ) পরিচালক (গ্যাস), বিইআরসি — সদস্য<br>গ) পরিচালক (বিদ্যুৎ), বিইআরসি — সদস্য<br>ঘ) পরিচালক (পেট্রোলিয়াম), বিইআরসি — সদস্য<br>ঙ) সচিব, বিইআরসি — সদস্য-সচিব<br>কমিটি প্রয়োজনবোধে যেকোন সদস্য কো-অপ্ট করতে পারবে।<br>**কমিটির কার্য পরিধিঃ**<br>(i) কমিটি প্রবিধানমালা সংশোধনের ক্ষেত্রসমূহ নির্ধারণপূর্বক তার সংশোধনি প্রস্তাব করবে এবং<br>(ii) যেসব প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে জ্বালানি ব্যবসার সাথে জড়িত কিন্তু এখনো লাইসেন্স নেয়নি বা লাইসেন্স ইস্যুর পর নবায়ন করেনি বা নবায়নের অপক্ষোয় আছে এসব গ্রাহকদের লাইসেন্স ইস্যু বা নবায়নের বিষয়ে সুস্পষ্ট প্রস্তাবনা আলোচ্য সংশোধনীতে অন্তর্ভুক্ত করবে।<br>২. লাইসেন্স মেয়াদুত্তীর্ণের ৯০ (নব্বই) দিনের অধিক হলে লাইসেন্স নবায়ন ফিস এর ১০০% জরিমানা এবং ঐ বছর হতে হালনাগাদ পর্যন্ত প্রযোজ্য নবায়ন ফিস আদায় করে লাইসেন্স নবায়নের বিষয়টি অনুমোদন করা হয়। | সচিব |

| | | |
|---|---|---|
| সিএম/১৪৯/১৭ | **আলোচ্য বিষয়ঃ** কমিশনের সহকারী পরিচালক (পেট্রোলিয়াম) জনাব সুমি সরকার এর পদত্যাগ ও চাকুরীর মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্তঃ** কমিশনের সহকারী পরিচালক (পেট্রোলিয়াম) জনাব সুমি সরকার প্রদত্ত চাকুরী হতে পদত্যাগ পত্রটি গ্রহণ এবং উক্ত পদে নতুন কর্মকর্তা নিয়োগের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |
| সিএম/বিবিধ-১৪৯/১ | **সিদ্ধান্তঃ** কমিশনের সচিব বাংলাদেশ সরকারের একজন যুগ্নসচিব। বিধি মোতাবেক তিনি প্রাধিকার অনুসারে সার্বক্ষণিক গাড়ী সুবিধা প্রাপ্য। কিন্তু বর্তমানে কমিশনে সচিবের জন্য নির্ধারিত মানসম্মত কোনো গাড়ী নেই। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং- ০৫.০০.০০০০.১২১.০২৬.০৪.১৩ (অংশ-১)-৫৯; তারিখ ১০ ফেব্রুয়ারি ২০১৫ মোতাবেক প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তার গাড়ী সুবিধা না থাকলে সংশ্লিষ্ট দপ্তর প্রধানের সুপারিশসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ছাড়পত্র প্রদানের পর ১০০% গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য

(মোঃ আবদুল আজিজ খান)
সদস্য

(মাহমুদউল হক ভূইয়া)
সদস্য

(রহমান মুরশেদ)
সদস্য

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ ২৪৮/২০১৭/৩০০৮

তারিখঃ ০৭ জুন, ২০১৭

<u>বিতরণঃ</u>

১। পরিচালক (পেট্রোলিয়াম/গ্যাস/ অর্থ ও হিসাব/ বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপ- পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিইআরসি, ঢাকা [মাননীয় চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য]।
৪। উপ-পরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা [মাননীয় সদস্য এর সদয় অবগতির জন্য]।

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪ ০১২৫